জনসংযোগ উপবিভাগ
**বাংলা একাডেমি**
ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০
ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy1955@yahoo.com
ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ২৩.০৬.২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

## কবি আলাওল স্মরণে সেমিনার



বাংলা একাডেমি ৯ই আষাঢ় ১৪৩২/২৩শে জুন ২০২৫ সোমবার বিকেল ৪:০০টায় একাডেমির কবি শামসুর রাহমান সেমিনার কক্ষে কবি আলাওল স্মরণে সেমিনারের আয়োজন করে। স্বাগত বক্তৃতা প্রদান করেন বাংলা একাডেমির সংস্কৃতি, পত্রিকা ও মিলনায়তন বিভাগের পরিচালক (চলতি দায়িত্ব) ড. সরকার আমিন। *আলাওল পাঠের পরম্পরা ও সাম্প্রতিক প্রবণতা* শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রভাষক মো. নাজমুল হোসেন। আলোচনায় অংশগ্রহণ করেন বেঙ্গল হিস্টরি কালেক্টিভ-এর সমন্বয়ক তাহমিদাল জামি এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ মামুন অর রশীদ। সভাপ্রধানের দায়িত্ব পালন করেন বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক মোহাম্মদ আজম।

ড. সরকার আমিন বলেন, আলাওল এক মহান মানবতাবাদী সাহিত্যিক। মধ্যযুগের বহুপ্রজ কবি কিন্তু তাঁর সাহিত্যের অসাধারণ বাণীতে তিনি হয়ে ওঠেন সমকালীন এক প্রবল প্রাসঙ্গিক লেখক।

মো. নাজমুল হোসেন বলেন, আলাওল পাঠে দেশ-কাল-সমাজের রাজনৈতিক প্রভাব প্রবলভাবে সক্রিয়, মহৎ প্রতিভাকে আপন করে অবলোকন করতে চেয়েছেন সকলেই। এই দৃষ্টিকোণ থেকেই আরাকানে আলাওলের উপস্থিতির কার্যকারণ ও পরবর্তী জীবনপ্রবাহ, তাঁর রচিত গ্রন্থপরিচয়, তাঁর ভাষা-বৈচিত্র্যের পরিচয়, ধর্ম ও মানবিকতাবোধের পরিচয় সন্ধান আলোচনায় গুরুত্ব পেয়েছে। তিনি বলেন, আলাওল সংক্রান্ত কোনো পাঠকেই খারিজ না করে পাঠগুলো সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক বাস্তবতায় গ্রহণ করা উচিৎ। সেটা হোক উপনিবেশিত বাংলার প্রেক্ষাপটে, পাকিস্তানি-মুসলিম জাতীয়তাবাদী প্রেক্ষাপট বা বাঙালি জাতীয়তাবাদী প্রেক্ষাপট বা বর্তমান কালের প্রেক্ষাপটে।

আলোচকদ্বয় বলেন, আলাওল পাঠের সনাতনি ধরন পরিবর্তন করতে হবে। আলাওলের রচনায় যে বৈচিত্র্য তা তাঁর সময়, সমাজ এবং পটভূমির আলোকে সাম্প্রতিক গবেষকরা নানাভাবে উদ্‌ঘাটন এবং ব্যাখ্যার প্রয়াস চালিয়েছেন। এসব নতুনতর গবেষণায় আলাওলকে নতুনভাবে আবিষ্কার করা যাচ্ছে। ভবিষ্যতে বিশদ গবেষণা ও চর্চায় তিনি আরও নানাকৌণিকভাবে আবিষ্কৃত হবেন বলে আশা করা যায়।

অধ্যাপক মোহাম্মদ আজম বলেন, আলাওল-পাঠের নতুন পরিসর শুরু হয়েছে। বাংলা একাডেমির আজকের আলোচনা নিঃসন্দেহে এক নতুন সংযোজন। আলাওলকে সনাতনি বৃত্ত ভেঙে আজকের বাস্তবতায় উপস্থাপনের ক্ষেত্রে এ ধরনের আলোচনা বিশেষ ভূমিকা পালন করতে পারে।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলা একাডেমির সহপরিচালক (চলতি দায়িত্ব) ড. মাহবুবা রহমান।

**নার্গিস সানজিদা সুলতানা**
উপপরিচালক
জনসংযোগ উপবিভাগ